

EFT ফরম পূরণ ও জমাদান সম্পর্কিত জরুরি নির্দেশনা:

১. ইতোমধ্যে EFT ফরম উপজেলায় ফটোকপিতে সরবরাহ করা হয়েছে। উপজেলা শিক্ষা অফিসের ওয়েব সাইট: dpe.madhukhali.faridpur.gov.bd এর নোটিশ বোর্ডে ফরম পাওয়া যাবে।
২. ফরম সংগ্রহ করে নিজ বিদ্যালয়ের সকল শিক্ষক একত্রে বসে পারস্পরিক সহযোগিতায় নির্ভুলভাবে পূরণ করতে হবে এবং প্রধান শিক্ষক অন্যান্য সহকারী শিক্ষকের সহযোগিতায় ফরমগুলো যাচাই করে দেখবেন।

**ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

- ১) NID এর ফটোকপি(যে নাম্বার দিয়ে পে ফিক্সেশন করা আছে)।
- ২) স্পাউস(যদি থাকে)এর NID এর ফটোকপি।
- ৩) সন্তানের NID বা জন্মসনদ এর ফটোকপি। সন্তান যতজন হবে ততজনের NID বা জন্ম সনদ এর ফটোকপি। সন্তান সংখ্যা বেশি হলে ফরমে রো সংখ্যা হাতে কেটে বৃদ্ধি করা যাবে বা আলাদা কাগজ ব্যবহার করা যাবে।
৪. যে ব্যাংকের হিসাব নম্বরে বেতন হয় ঐ হিসাব নম্বরের চেকের কাভার পৃষ্ঠার ফটোকপি।

**ফরম পূরণ করতে যা কিছু জানতে হবে:

- ক) চাকুরী শুরুতে বেতন স্কেল ও বর্তমান বেতন স্কেল।(নিয়োগপত্রে বর্তমান বেতন স্কেল ও মূল বেতন পাওয়া যাবে)।
- খ) চাকুরি শুরুতে যোগদানকৃত বিদ্যালয়ের নাম ও বর্তমান বিদ্যালয়ের নাম।
- গ) শিক্ষা সহায়তা ভাতার তথ্য।(সন্তানের বয়স সর্বনিম্ন ৫ হলে এবং সর্বোচ্চ ২৩ বছর পর্যন্ত শিক্ষা সহায়তা ভাতা পাবে)
- ঘ) যে ব্যাংক থেকে বেতন হয় সে ব্যাংকের নাম,১৩ ডিজিটের হিসাব নং ও রাউটিং নাম্বার।(চেকে কাভার পৃষ্ঠায় নাম, হিসাব নম্বর ও রাউটিং নাম্বার আছে)।
- ঙ) জিপিএফ হিসাব নং, বহি নং, ভলিয়ম নং ও পাতা নং।(প্রতি বছর হিসাব রক্ষণ অফিস হতে প্রাপ্ত জিপিএফ একাউন্ট স্লিপে পাওয়া যাবে)
- চ) জিপিএফ মাসিক কর্তন ও বর্তমান মোট জমার পরিমাণ।(একাউন্ট স্লিপে পাওয়া যাবে)
- ছ) জিপিএফ লোন সংক্রান্ত তথ্য।(হিসাব রক্ষণ অফিস)

বি.দ্র.

১. ব্যাংক হিসাবের নামে ব্রাকেট, হ্যাশ, ট্যাগ ও আন্ডার স্পেস থাকা যাবে না। থাকলে তা সংশ্লিষ্ট ব্যাংক হতে সংশোধন করে নিতে হবে। যেমন- মনিরুল ইসলাম(কদু) এভাবে থাকলে পরিবর্তন করে মনিরুল ইসলাম কদু করতে হবে।
২. প্রায় সকল তথ্য ইংরেজিতে লিখতে হবে। শুধু নির্দেশিত তথ্য বাংলায় লেখা যাবে।
৩. ফরমটি পেন্সিল দিয়ে পূরণ করলে ভুল হলে সংশোধন করা সহজ হবে।
ধন্যবাদান্তে- উপজেলা শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।